তারিখ 26 NOV 2017
পৃষ্ঠা ২০ কলাম ৪

কালের কণ্ঠ

বরিশাল বিশ্ববিদ্যালয়

# প্রশ্নপত্র ফাঁসের চেষ্টার অভিযোগ, ঢাবির তিন শিক্ষার্থীসহ আটক ৬

বরিশাল অফিস ▷

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান বিভাগের ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের চেষ্টার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) তিন ছাত্রসহ ছয়জনকে আটক করেছে গোয়েন্দা পুলিশ। গতকাল শনিবার সকাল ৭টায় বরিশাল নগরের আরশেদ আলী কন্ট্রাক্টর গলির নাহার ম্যানশন থেকে তাঁদের আটক করা হয়। এ সময় তাঁদের কাছ থেকে প্রশ্নপত্র ফাঁসের কাজে ব্যবহৃত বিভিন্ন ইলেকট্রনিক ডিভাইসও জব্দ করা হয়।

জব্দ ডিভাইসের মধ্যে পাঁচটি ইলেকট্রো ম্যাগনেটিক ব্লুটুথ ইন্ডাকশন (ইয়ারফোন), পাঁচটি টিএমটি কার্ড, ১৩টি সিমসহ ১১টি মোবাইল ফোনসেট রয়েছে। গতকাল দুপুর ২টায় বরিশাল মহানগর পুলিশ কমিশনারের কার্যালয়ে সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান পুলিশ কমিশনার এস এম রুহুল আমিন।

আটক ব্যক্তিরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র মো. মারুফ হোসাইন মারুফ (২২); মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র মো. আলমগীর হোসেন শাহিন (২৪) এবং গণিত বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র মো. মাহামুদুল হাসান (আবিদ) (২৩)। মারুফের বাড়ি যশোরের বাঘারপাড়া উপজেলার নারিকেলবাড়িয়া ইউনিয়নের

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৪

## প্রশ্নপত্র ফাঁসের

▶▶ শেষ পৃষ্ঠার পর

বলরামপুরে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অমর একুশে হলের শহীদ বরকত ভবনের ৪০১ নম্বর কক্ষের আবাসিক ছাত্র তিনি। শাহীনের বাড়ি পটুয়াখালীর দুমকি উপজেলার লেবুখালী ইউনিয়নের কার্তিকপাশা গ্রামে। তিনি অমর একুশে হলের শহীদ বরকত ভবনের ৩০১ নম্বর কক্ষের ছাত্র। আবিদের বাড়ি পটুয়াখালীর গলাচিপা পৌরসভার কলেজপাড়া এলাকায়। অমর একুশে হলের শহীদ বরকত ভবনের ৩০২ নম্বর কক্ষের আবাসিক ছাত্র তিনি।

আটক অন্যরা হলেন গলাচিপা ডিগ্রি কলেজের মানবিক শাখার তৃতীয় বর্ষের ছাত্র মো. সাব্বির আহম্মেদ প্রিতম (২৩), জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন মোহাম্মদপুর ডিগ্রি কলেজের বিবিএ তৃতীয় বর্ষের ছাত্র মো. রাকিব আকন (২১) ও বরিশাল বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র মুয়ীদুর রহমান। আকনের বাড়ি পটুয়াখালীর দুমকী সদর উপজেলার লেবুখালী। প্রিতমের বাড়ি গলাচিপা উপজেলার পানপট্টি এলাকায়।

পুলিশ কমিশনার এস এম রুহুল আমিন জানান, মুয়ীদুর অন্য পাঁচজনকে নাহার ম্যানশনের ভাড়া বাসায় এনে রেখেছিলেন। গোয়েন্দা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে তাঁদের আটক করে।

শুক্রবার থেকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হয়। গতকাল ছিল 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা। প্রশ্নপত্র ফাঁস রোধে পরীক্ষার হলে প্রথমবারের মতো জ্যামার মেশিন বসিয়েছিল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। পুলিশ সূত্র জানায়, পরীক্ষায় উত্তর সরবরাহের চেষ্টা করছিলেন আটক ব্যক্তিরা। তাঁরা জ্যামার মেশিনকে অকার্যকর করে হলে পরীক্ষার্থীদের কাছে উত্তর সরবরাহ করার চেষ্টা করছিলেন। আটককৃতদের মধ্যে শাহিন নিজেকে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য বলে দাবি করলেও এখনো তাঁর সত্যতা মেলেনি। মারুফ হোসাইন ঢাবির প্রশ্নপত্র ফাঁসচক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে সিআইডির তালিকাভুক্ত। জিজ্ঞাসাবাদে আটক ছয়জন বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত বলে স্বীকার করেছেন। তাঁরা সূক্ষ্ম ডিভাইসের মাধ্যমে পরীক্ষার প্রশ্ন বাইরে বলা এবং বাইরে থেকে উত্তর বলে দেওয়ার ব্যবস্থা করেন। তাঁদের বিরুদ্ধে মামলা করা হবে।